

দুর্ঘটনার রিপোর্ট কিভাবে দেব?

(How do I report accidents?)

The Reporting of Injuries Diseases and Dangerous Occurrences Regulations 1995 (RIDDOR) অনুযায়ী মৃত্যু বা গুরুতর আঘাত, ৩দিনের বেশী সময়কালের আঘাত, কতিপয় রোগ ও কতিপয় বিপদজনক ঘটনার রিপোর্ট করা বাধ্যতামূলক।

সব দুর্ঘটনা, অসুখ বিসুখ ও বিপদজনক ঘটনার খবরাখবর ইনসিডেন্ট কন্ট্রোল সেন্টারে (ICC) দিতে হবে। কন্ট্রোল সেন্টারটি বৃটেনে সংঘটিত সব ঘটনার খবর দেয়ার জন্য যোগাযোগের একটি একক কেন্দ্র হিসাবে ১ এপ্রিল ২০০১ এ প্রতিষ্ঠিত হয়।

আপনি ঘটনাবলী রিপোর্ট করতে পারেন নিচের যে কোনো পদ্ধতিতেঃ

টেলিফোনঃ 0845 3009923 (সোমবার থেকে শুক্রবার সকলা ৮-৩০ থেকে বিকাল ৫-০০টা)

ইন্টারনেটঃ www.riddor.gov.uk

ফ্যাক্সঃ 0845 3009924 (ফ্যাক্স রিপোর্টিং ফরম) অথবা

ডাকযোগেঃ Incident Contact Centre, Caerphilly Business Park, Caerphilly, CF83 3GG

এছাড়াও আপনি নীচে প্রদত্ত সংশ্লিষ্ট হার্ড কপি ফরম পূর্ণ করে পাঠানোর মাধ্যমে আপনার স্থানীয় এইচএসই অফিস বা লোকাল অথরিটিকে সরাসরি রিপোর্ট করতে পারেন। এগুলো হলোঃ

- **F2508-** আঘাত বা বিপদজনক ঘটনা রিপোর্ট করতে
- **F2508A-** কোনো রোগের কেস রিপোর্ট করতে
- **F2508G1-** দাহ্য গ্যাস দুর্ঘটনার রিপোর্ট করতে
- **F2508G2-** বিপদজনক গ্যাস ফিটিং এর রিপোর্ট করতে
- **F2508OIR9b** – উপকূলবর্তী অঞ্চলে আঘাত বা বিপদজনক ঘটনার রিপোর্ট করতে

এসব রিপোর্ট ICC তে প্রয়োজনীয় প্রক্রিয়া শুরু করার জন্য পাঠিয়ে দেয়া হবে।